তারিখ 22 JUL 1992
পৃষ্ঠা ৮ কলাম

14

### ছাত্র সংগঠনগুলোর প্রতি প্রধানমন্ত্রী

# সন্ত্রাস প্রতিরোধে ঐক্যবদ্ধ হোন

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস বন্ধ করতে সকল ছাত্র সংগঠনগুলোকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানিয়েছেন।

গতকাল জাতীয়তাবাদী ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতারা তার সঙ্গে দেখা করতে এলে তিনি এ আহবান জানান। তাদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষা করতে শিক্ষাঙ্গনে শান্তি শৃংখলা বজায় রাখা অপরিহার্য। এজন্যে সর্ব প্রথমে দরকার সন্ত্রাস রোধ করা। তিনি ছাত্রদের উদ্দেশে বলেন, স্বৈরাচার বিরোধী আন্দোলনে ছাত্রদের ভূমিকা ছিলো গৌরবোজ্জ্বল। তাদের ঐক্যবদ্ধ আন্দোলনের ফলেই স্বৈরাচারের পতন হয়েছে। অনুরূপভাবে একতাবদ্ধ ও সম্মিলিত কর্মসূচির মাধ্যমে তিনি ছাত্রদেরকে সন্ত্রাস নির্মূল করার আহবান জানান। বেগম জিয়া ছাত্র সংগঠনগুলোকে আলাপ-আলোচনার মাধ্যমে সন্ত্রাস দমনের উপায় খুঁজে বের করার আহবান জানিয়ে বলেন, এ ব্যাপারে সরকার সব ধরনের সহযোগিতা দিতে প্রস্তুত রয়েছে। তিনি ছাত্র নেতাদেরকে কারো রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহৃত না হয়ে সাধারণ ছাত্রদের কল্যাণে ছাত্র-রাজনীতি গড়ে তোলার আহবান জানান। ছাত্র নেতারা দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র রাজনীতি সন্ত্রাস ও শিক্ষার বিরাজমান পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে খোলামেলা আলোচনা করেন। গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতারা প্রধানমন্ত্রীর কাছে রাজশাহী বিশ্ব বিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে ছাত্র শিবিরের দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবি জানান। প্রধানমন্ত্রী তাদের এ ব্যাপারে আশ্বাস দিয়ে আইনের শাসনের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহবান জানান। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার ও ডাকসু'র ভিপি সংসদ সদস্য আমান উল্লাহ আমান এ সময় উপস্থিত ছিলেন।

বৈঠকে ছাত্রদলের সভাপতি রিজভী আহমেদ সাধারণ সম্পাদক ইলিয়াসসহ অন্যান্য কেন্দ্রীয় নেতা উপস্থিত ছিলেন। গণতান্ত্রিক ছাত্র ঐক্যের পক্ষে উপস্থিত ছিলেন ছাত্র লীগ, ছাত্র মৈত্রী, ছাত্রলীগ (এডি)-এর সভাপতি এবং ছাত্র ইউনিয়ন ছাত্রমৈত্রী ও ছাত্র লীগের সাধারণ সম্পাদক। খবর বাসস।